

Prime Minister to chair UN Security Council High-Level Open Debate on “Enhancing Maritime Security: A Case For International Cooperation”

August 08, 2021

সামুদ্রিক নিরাপত্তা বৃদ্ধি : আন্তর্জাতিক সহযোগিতার ক্ষেত্রে একটি অনুসন্ধানের বিষয়' শীর্ষক রাষ্ট্রসংঘ নিরাপত্তা পরিষদের উচ্চস্তরীয় খোলামেলা আলোচনাসভায় প্রধানমন্ত্রী পৌরোহিত্য করবেন

অগস্ট 08,2021

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আগামীকাল (৯ আগস্ট) বিকেল সাড়ে পাঁচটায় ভিডিও কনফারেন্সের মাধ্যমে 'সামুদ্রিক নিরাপত্তা বৃদ্ধি : আন্তর্জাতিক সহযোগিতার ক্ষেত্রে একটি অনুসন্ধানের বিষয়' শীর্ষক রাষ্ট্রসংঘ নিরাপত্তা পরিষদের এক উচ্চস্তরীয় খোলামেলা আলোচনাসভায় পৌরোহিত্য করবেন।

এই আলোচনাসভায় রাষ্ট্রসংঘ নিরাপত্তা পরিষদের সদস্য দেশগুলির সরকার প্রধান ও রাষ্ট্র প্রধানরা যোগ দেবেন বলে মনে করা হচ্ছে। এছাড়াও রাষ্ট্রসংঘের শীর্ষ স্থানীয় আধিকারিক এবং গুরুত্বপূর্ণ আঞ্চলিক সংগঠনগুলির প্রতিনিধিরাও আলোচনাসভায় যোগ দেবেন। সামুদ্রিক অপরাধ দমন এবং নিরাপত্তা হীনতা তথা নৌ-বাণিজ্য ক্ষেত্রে সহযোগিতাকে আরও মজবুত করার মত বিষয়গুলি নিয়ে সভায় খোলামেলা আলোচনা হবে।

রাষ্ট্রসংঘ নিরাপত্তা পরিষদে সামুদ্রিক নিরাপত্তা ও অপরাধ সম্পর্কিত বিভিন্ন দিক নিয়ে ইতিমধ্যেই আলোচনা হয়েছে এবং সেই প্রেক্ষিতে প্রস্তুত পাশ হয়েছে। অবশ্য, এই প্রথম সামুদ্রিক নিরাপত্তা নিয়ে পৃথক ভাবে পরিষদের পক্ষ থেকে উচ্চপর্যায়ে এধরনের আলোচনাসভার আয়োজন করা হয়েছে। এটা অত্যন্ত বাস্তব যে, কোন একটি দেশ একক ভাবে সামুদ্রিক নিরাপত্তার বিবিধ চ্যালেঞ্জ প্রতিরোধে সক্ষম নয়। তাই, রাষ্ট্রসংঘ নিরাপত্তা পরিষদে এরকম একটি গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে খোলামেলা ও ব্যাপক আলোচনার প্রয়োজনীয়তা রয়েছে। সামুদ্রিক নিরাপত্তার ক্ষেত্রে একটি সুসংবদ্ধ প্রয়াস গ্রহণ নৌ-বাণিজ্য ক্ষেত্রের সুরক্ষা ও সহায়তায় গুরুত্বপূর্ণ হয়ে ওঠে। সেই সঙ্গে চিরাচরিত ও অচিরাচরিত সামুদ্রিক বিপদগুলির মোকাবিলাও সহজ হয়।

উল্লেখ করা যেতে পারে, সিন্ধু সভ্যতার সময় থেকে ভারতের ইতিহাসে মহাসাগরের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। আমাদের সভ্যতায় নৈতিকতার ওপর ভিত্তি করে এটা সর্বদাই বিবেচনা করা হয় যে, অভিন্ন সমৃদ্ধি ও শান্তির ক্ষেত্রে সমুদ্র গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এই বিষয়টিকে বিবেচনায় রেখে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী

২০১৫ সালে এই অঞ্চলে সব দেশের নিরাপত্তা ও অগ্রগতির জন্য 'সাগর' কর্মসূচি গ্রহণ করেন। এই কর্মসূচিতে মহাসাগরের দীর্ঘস্থায়ী সদ্যবহার সহ এই অঞ্চলে এক নিরাপদ ও স্থিতিশীল নৌ-বাণিজ্য ব্যবস্থার কাঠামো গড়ে তোলার ওপর অগ্রাধিকার দেওয়া হয়। ২০১৯-এ পূর্ব এশিয়া শিখর সম্মেলনে 'সাগর' উদ্যোগকে আরও প্রসারিত করার ব্যাপারে পদক্ষেপ গ্রহণ করা হয়। এই উদ্যোগ সম্পর্কে সেসময় আরও বলা হয়, ভারত-

প্রশান্তমহাসাগরীয় প্রয়াসের মাধ্যমে 'সাগর' কর্মসূচির ওপর আরও গুরুত্ব দেওয়ার প্রয়োজনীয়তা রয়েছে, যাতে ৭টি গুরুত্বপূর্ণ বিষয়ে আরও বেশি নজর দেওয়া যায়। এগুলি হল - সামুদ্রিক নিরাপত্তা সহ সামুদ্রিক বাস্তুতন্ত্র; সামুদ্রিক সম্পদ; দক্ষতা বৃদ্ধি ও সম্পদ ভাগাভাগি; বিপর্যয় ঝুঁকি হ্রাস ও ব্যবস্থাপনা; বিজ্ঞান, প্রযুক্তি ও শিক্ষা প্রতিষ্ঠানগুলির মধ্যে সহযোগিতা এবং বাণিজ্যিক যোগাযোগ ও নৌ পরিবহণ।

নিরাপত্তা পরিষদের উচ্চস্তরীয় এই আলোচনাসভায় প্রথম ভারতীয় প্রধানমন্ত্রী হিসেবে শ্রী মোদী পৌরোহিত্য করতে চলেছেন। রাষ্ট্রসংঘ নিরাপত্তা পরিষদের ওয়েবসাইটে এই আলোচনাসভা সরাসরি সম্প্রচারিত হবে আগামীকাল ভারতীয় সময় বিকেল ৫টা ৩০ মিনিট থেকে।

নিউ দিল্লি

অগস্ট ০৪, ২০২১

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.